## জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম, জেলা প্রশাসক, দিনাজপুর।
তারিখ : ১৯ এপ্রিল ২০২৬ খ্রি:
সময় : দুপুর ১২.০০ টা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসক, দিনাজপুর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবি ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে): উপস্থিতি হাজিরা সীটে সংরক্ষিত (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর, আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুরকে অনুরোধ করেন।

**আলোচ্য বিষয়** : ২০২৫-২৬ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচির আওতায় ২০২৬-২৭ মৌসুমে তুলাফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনা মূল্যে বীজ, সার ও অন্যান্য উপকরণ বিতরণ।

<table>
<tr><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১. উপজেলা ওয়ারী কৃষক সংখ্যার বিভাজন</td><td>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও জোন, ঠাকুরগাঁওকে তুলা ফসলের প্রণোদনা বিষয়ে তথ্য উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার পত্র নম্বর: ১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২৪.৮৯, তারিখ: ১১মার্চ ২০২৬সভায় উপস্থাপন করেন। পত্রের ভিত্তিতে তিনি জানান যে, সরকার ২০২৫-২৬ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচির আওতায় ২০২৬-২৭ মৌসুমে তুলা ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ, সার, বালাইনাশক ও অন্যান্য উপকরণ বিতরণের লক্ষ্যে ৩১০ জন কৃষককে প্রণোদনা কর্মসূচীর বিপরীতে মোট = ২৪,৮০,০০০/-(চব্বিশ লক্ষ আশি হাজার) টাকা বরাদ্দ প্রদান করেছেন। তিনি আরও জানান যে, প্রতি জন কৃষক ১ বিঘা জমি তুলা ফসল চাষের জন্য ০.৬ কেজি তুলাবীজ, ২৫ কেজি ইউরিয়া, ৫০ কেজি টিএসপি, ৫০ কেজি এমওপি, ২ কেজি বোরন, ৩০০ এমএল বালাইনাশক, ১৫০ এমএল ছত্রাকনাশক এবং ৩০০ এমএল বৃদ্ধি নিয়ন্ত্রক সহায়তা পাবেন । প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, ঠাকুরগাঁও জোন, ঠাকুরগাঁও নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-এর পত্র নং- ১২.০৭.০০০০.০০০.১০৭.০৭.০০০১.২৫.১২, তারিখ: ৩১-০৩-২০২৬ মোতাবেক উপজেলাওয়ারী বরাদ্দ বিভাজন সভায় উপস্থাপন করেন।</td><td>সিদ্ধান্ত-১: ২০২৫-২৬ অর্থ বছরে প্রণোদনা কর্মসূচির আওতায় তুলা ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের উপজেলাওয়ারী বিভাজন নিম্নরূপ।
<table>
<tr><th>ক্র নং</th><th>উপজেলার নাম</th><th>উপজেলা ভিত্তিক বরাদ্দ বিভাজন (জন বা বিঘা)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>দিনাজপুর সদর</td><td>২০</td><td></td></tr>
<tr><td>২</td><td>কাহারোল</td><td>৫০</td><td></td></tr>
<tr><td>৩</td><td>বিরামপুর</td><td>১০০</td><td></td></tr>
<tr><td>৪</td><td>ফুলবাড়ি</td><td>৫০</td><td></td></tr>
<tr><td>৫</td><td>নবাবগঞ্জ</td><td>৪০</td><td></td></tr>
<tr><td>৬</td><td>পার্বতীপুর</td><td>৫০</td><td></td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৩১০</td><td></td></tr>
</table></td></tr>
<tr><td>২ উপকার ভোগী/ তুলা চাষী নির্বাচন</td><td>উপকার ভোগী কৃষক নির্বাচনের ক্ষেত্রে প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা কর্মসূচি বাস্তবায়নের ৬ নং শর্তাবলী উল্লেখ করে বলেন যে, সংশ্লিষ্ট উপজেলার তুলা উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট তুলা উন্নয়ন কর্মকর্তা/কটন ইউনিট অফিসের দায়িত্ব প্রাপ্ত কটন ইউনিট অফিসার/সহকারী কটন ইউনিট অফিসার/স্টোর-কাম-ফিল্ডম্যানগণ উপসহকারী কৃষি কর্মকর্তার সহায়তায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা অনুমোদন করবেন। প্রকৃত তুলাচাষীগণ যাতে তালিকায় অন্তর্ভুক্ত হন সে বিষয়টি খেয়াল রেখে তালিকা প্রণয়নের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।</td><td>সিদ্ধান্ত-১: নির্দেশনা মোতাবেক প্রকৃত তুলাচাষীদের সমন্বয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী খসড়া তালিকা প্রস্তুত করবেন। উক্ত প্রস্তুতকৃত খসড়া তালিকা জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন।</td></tr>
</table>

**৩) ক্রয় কার্যক্রম**

প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, ঠাকুরগাঁও কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার পত্র নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২৪.৮৯, তারিখ: ১১ মার্চ ২০২৬ খ্রি: মোতাবেক প্রাপ্ত উপকরণের পরিমাণ ও আর্থিক বরাদ্দসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান, তুলা উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও জোনের প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তাকে সম্পৃক্ত রেখে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি যাবতীয় ক্রয় ও বিতরণ কার্যক্রম সম্পন্ন করবেন মর্মে নির্দেশনা রয়েছে। কর্মসূচির অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী অর্থ বিভাগে প্রেরণের জন্য প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, তুলা উন্নয়ন বোর্ড ও কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি জেলায় বরাদ্দকৃত প্রয়োজনীয় অর্থ প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও জোনের অনুকূলে ছাড় করার বিষয়ে আলোচনা করেন।

ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-২০০৬ ও PPR-২০২৫ অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করে প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তাকে উপকরণ ক্রয়ের বিষয়ে দায়িত্ব প্রদান করার ব্যাপারে আলোচনা হয়। একই সাথে ক্রয় কার্যক্রম সফলতার সাথে সম্পন্ন করার জন্য বাজার দর যাচাই কমিটি এবং দরপত্র/কোটেশন উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটি গঠনের বিষয়েও আলোচনা হয়।

**সিদ্ধান্ত-১:** সারণী-১ ও সারণী-২ মোতাবেক উপকরন ও আর্থিক বরাদ্দ অনুমোদন করা হয়।

**সিদ্ধান্ত-২:** জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি জেলায় বরাদ্দকৃত কর্মসূচীর বিপরীতে বরাদ্দকৃত মোট = = ২৪,৮০,০০০/-(চব্বিশ লক্ষ আশি হাজার) টাকা প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও জোনের অনুকূলে ছাড় করবেন।

**সিদ্ধান্ত-৩:** PPA-২০০৬ ও PPR-২০২৫ অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করে প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা উপকরণ ক্রয়ের বিষয়ে দায়িত্ব পালন করবেন।

**সিদ্ধান্ত-৪:** PPR ২০২৫, বিধি ৯৯ (১) অনুযায়ী হাইব্রিড জাতের তুলাবীজ (হোয়াইট গোল্ড-২=১৮৬ কেজি, সুপ্রীম সীড লিমিটেড) একক উৎস হওয়াতে বাজারে সাব ডিলার না থাকায় সরাসরি উৎস হতে ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত-৫:** বাজার দর যাচাই এবং দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়নের জন্য নিম্ন বর্ণিত কমিটি গঠন করা হয়।

**ক) বাজার দর যাচাই কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হলো:**

| ক্র. নং | কর্মকর্তার পদবী ও কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | অতিরিক্ত উপপরিচালক (শস্য), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর | আহ্বায়ক |
| ২ | বহিরাঙ্গন কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী, দিনাজপুর | সদস্য |
| ৩ | তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও জোন, ঠাকুরগাঁও | সদস্য সচিব |

**খ) দরপত্র/কোটেশন উন্মুক্তকরণ ও মুল্যায়ন কমিটি নিম্নোক্তভাবে গঠন করা হলো:**

| ক্র. নং | কর্মকর্তার পদবী ও কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, দিনাজপুর | আহ্বায়ক |
| ২ | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর | সদস্য |
| ৩ | প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও জোন, ঠাকুরগাঁও | সদস্য সচিব |

**৪) বিবিধ**

কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার পত্র নং- ১২.০০.০০০০.০২৬. ৩৮.০১০. ২৪.৮৯. তারিখ: ১১মার্চ ২০২৬ মোতাবেক (কপি সংযুক্ত) তুলা ফসলের আবাদ বৃদ্ধির নিমিত্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামুল্যে বীজ, সার ও অন্যান্য সহায়তা প্রদান কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে পত্রে উল্লেখিত শর্তাবলী ও বাস্তবায়ন পদ্ধতি যথাযথভাবে অনুসরণপূর্বক প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাগন কর্মসূচি বাস্তবায়ন করবেন মর্মে সভায় আলোচনা হয়।

**সিদ্ধান্ত-১:** নীতিমালার আলোকে প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট কর্মকর্তাগন কর্মসূচি বাস্তবায়ন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত হয়।

সারণী -১ : ২০২৫-২৬ অর্থ বছরে তুলার উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে তুলাবীজ, সার, বালাইনাশক ও বৃদ্ধি নিয়ন্ত্রক সহায়তা প্রদান কর্মসূচী (উপজেলা ভিত্তিক) প্রাপ্ত উপকরণের পরিমাণ:

| ক্র. নং | জোনের নাম | জেলার নাম | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (হেক্টর বা বিঘা) | বীজ (কেজি) | মোট উপকরণ সহায়তার পরিমাণ | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | রাসায়নিক সার (কেজি) | | | | বালাইনাশক (লিটার) | | | বৃদ্ধি নিয়ন্ত্রক (লিটার) |
| | | | | | হাইব্রিড তুলাবীজ | ইউরিয়া | টিএসপি | এমওপি | বোরন | ডাইফেনথিউরান | স্পেনোসেড/ ক্লোরানট্রানিলিপ্রোল + থায়ামেথোক্সাম | ছত্রাকনাশক | মেপিকুয়েট ক্লোরাইড |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১ | ঠাকুরগাঁও | দিনাজপুর | দিনাজপুর সদর | ২০ | ১২ | ৫০০ | ১০০০ | ১০০০ | ৪০ | ৪ | ২ | ৩ | ৬ |
| | | | কাহারোল | ৫০ | ৩০ | ১২৫০ | ২৫০০ | ২৫০০ | ১০০ | ১০ | ৫ | ৭.৫ | ১৫ |
| | | | বিরামপুর | ১০০ | ৬০ | ২৫০০ | ৫০০০ | ৫০০০ | ২০০ | ২০ | ১০ | ১৫ | ৩০ |
| | | | ফুলবাড়ি | ৫০ | ৩০ | ১২৫০ | ২৫০০ | ২৫০০ | ১০০ | ১০ | ৫ | ৭.৫ | ১৫ |
| | | | নবাবগঞ্জ | ৪০ | ২৪ | ১০০০ | ২০০০ | ২০০০ | ৮০ | ৮ | ৪ | ৬ | ১২ |
| | | | পার্বতীপুর | ৫০ | ৩০ | ১২৫০ | ২৫০০ | ২৫০০ | ১০০ | ১০ | ৫ | ৭.৫ | ১৫ |
| | | | মোট = | ৩১০ | ১৮৬ | ৭৭৫০ | ১৫৫০০ | ১৫৫০০ | ৬২০ | ৬২ | ৩১ | ৪৬.৫ | ৯৩ |

সারণী -২ : ২০২৫-২৬ অর্থ বছরে তুলার উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে তুলাবীজ, সার, বালাইনাশক ও বৃদ্ধি নিয়ন্ত্রক সহায়তা প্রদান কর্মসূচী (উপজেলা ভিত্তিক) প্রাপ্ত আর্থিক বরাদ্দের পরিমান নিম্নরূপ (লক্ষ টাকায়):

| উপজেলার নাম | উপকরণের ব্যয় (লক্ষ) টাকা | | | | | | | | | | | সর্বমোট (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | *3251109 বীজ ও চারা* | *3251105 সার | | | | *3631199 অন্যান্য অনুদান* | | | | | | |
| | | | | | | কীটনাশক | | | | অন্যান্য আনুষঙ্গিক ব্যয় | | |
| | হাইব্রিড তুলা বীজ | ইউরিয়া | টিএসপি | এমওপি | বোরন | ডাইফেন থিউরান | স্পেনোসেড/ ক্লোরানট্রানিলিপ্রোল +থায়ামেথোক্সাম | ছত্রাকনাশক | বৃদ্ধি নিয়ন্ত্রক মেপিকুয়েট ক্লোরাইড | পরিবহন ব্যয় (লক্ষ টাকা) | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় (লক্ষ টাকা) | |
| | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ | ২৪ | ২৫ | ২৬ |
| দিনাজপুর সদর | ০.৪২ | ০.১২৫ | ০.২৫ | ০.১৮ | ০.১৬ | ০.১২৮ | ০.১২৮ | ০.০৭৯২ | ০.০৬৬ | ০.০৩৮২৮ | ০.০২৫৫২ | ১.৬ |
| কাহারোল | ১.০৫ | ০.৩১২৫ | ০.৬২৫ | ০.৪৫ | ০.৪০ | ০.৩২ | ০.৩২ | ০.১৯৮ | ০.১৬৫ | ০.০৯৫৭ | ০.০৬৩৮ | ৪.০ |
| বিরামপুর | ২.১০ | ০.৬২৫ | ১.২৫ | ০.৯০ | ০.৮০ | ০.৬৪ | ০.৬৪ | ০.৩৯৬ | ০.৩৩ | ০.১৯১৪ | ০.১২৭৬ | ৮.০ |
| ফুলবাড়ি | ১.০৫ | ০.৩১২৫ | ০.৬২৫ | ০.৪৫ | ০.৪০ | ০.৩২ | ০.৩২ | ০.১৯৮ | ০.১৬৫ | ০.০৯৫৭ | ০.০৬৩৮ | ৪.০ |
| নবাবগঞ্জ | ০.৮৪ | ০.২৫ | ০.৫ | ০.৩৬ | ০.৩২ | ০.২৫৬ | ০.২৫৬ | ০.১৫৮৪ | ০.১৩২ | ০.০৭৬৫৬ | ০.০৫১০৪ | ৩.২ |
| পার্বতীপুর | ১.০৫ | ০.৩১২৫ | ০.৬২৫ | ০.৪৫ | ০.৪০ | ০.৩২ | ০.৩২ | ০.১৯৮ | ০.১৬৫ | ০.০৯৫৭ | ০.০৬৩৮ | ৪.০ |
| মোট = | ৬.৫১ | ১.৯৩৭৫ | ৩.৮৭৫ | ২.৭৯ | ২.৪৮ | ১.৯৮৪ | ১.৯৮৪ | ১.২২৭৬ | ১.০২৩ | ০.৫৯৩৩৪ | ০.৩৯৫৫৬ | ২৪.৮ |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৮/২০২৫

মোঃ রফিকুল ইসলাম
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
দিনাজপুর।

# জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার উপস্থিতি

স্থানঃ সম্মেলন কক্ষ (কাঞ্চন-১), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর

তারিখ: ১৯/০৪/২০২৬ খ্রি:

সময়ঃ দুপুর ১২.০০ টা

| ক্র. নং | নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | [illegible] | [illegible] | 01717-100615 | |
| ২ | সুলিনা আকতার প্রধান জলজ উন্নয়ন কর্মকর্তা | জলা উন্নয়ন বোর্ড ঠাকুরগাঁও জোন | 01723226253 | |
| ৩ | মোছাঃ বেবী নাজনীন ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা মৃত্তিকা | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর | 01781002466 | ১৯/০৪/২০২৬ |
| ৪ | মোঃ আব্দুল গফফার আল [illegible] বীজ প্রত্যয়ন অফিসার | জেলা বীজ প্রত্যয়ন অফিস, দিনাজপুর | 01783210131 | |
| ৫ | মো: [illegible] ইসলাম উপপরিচালক (বীজ) | বিএডিসি, দিনাজপুর | 01712-424851 | |
| ৬ | মোঃ ফেরদৌস আহমেদ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা দিনাজপুর সদর, দিনাজপুর | দিনাজপুর সদর, দিনাজপুর | 01711-262505 | |
| ৭ | | | | |
| ৮ | | | | |

স্মারক নং ১২.০১.২৭০০.০০০.০১০.০৬.০০০৪.২৬.৭৭৪ তারিখঃ ২২/০৪/২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: পরিচালক, সরেজমিন উইং।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা, বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন,৩০-৩১ দিলকুশা, বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৭। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।

২২/০৪/২০২৬
(মোঃ আফজাল হোসেন)
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, দিনাজপুর।

স্মারক নং ১২.০১.২৭০০.০০০.০১০.০৬.০০০৪.২৬. ৭৭৪ তারিখঃ ২২/০৪/২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, ও সভাপতি জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, দিনাজপুর।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর।
৩। জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, দিনাজপুর।
৪। যুগ্ম-পরিচালক (সার), বিএডিসি, দিনাজপুর।
৫। উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, দিনাজপুর।
৬। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর।
৭। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, এসআরডিআই, দিনাজপুর।
৮-২০। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সকল), দিনাজপুর।
২১-৩৩। উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সকল),দিনাজপুর।
৩৪। প্রধান তুলা উন্নয়ন কমকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, ঠাকুরগাঁও জোন, ঠাকুরগাঁও
৩৫। গোপনীয় সহকারী, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর, জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

২২/০৪/২০২৬
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, দিনাজপুর।